

## কালেক্টরেট কিন্ডারগার্টেন খাগড়াছড়ি।

নম্বর : কা:কি:গা/খাগড়াছড়ি- ৩০৯

তারিখ : ০২/১২/২০২১ খ্রি.


### নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসন, খাগড়াছড়ি দ্বারা পরিচালিত কালেক্টরেট কিন্ডারগার্টেন এর নিম্নবর্ণিত পদসমূহের জন্য যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম	পদসংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ভাতা
১	অধ্যক্ষ	০১ জন	ন্যূনতম ২৫ বৎসর	স্নাতক। শিক্ষকতায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	বেতন-ভাতা আলোচনা
২	সহকারী শিক্ষক	০৬ জন	ন্যূনতম ২০ বৎসর	স্নাতক। শিক্ষকতায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	সাপেক্ষ

#### শর্তাদি :

- আগ্রহী প্রার্থীকে জেলা প্রশাসক ও সভাপতি, কালেক্টরেট কিন্ডারগার্টেন, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবর আবেদন ও সিডি আগামী ১২/১২/২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে বা সরাসরি জমা দিতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পর প্রেরিত আবেদনপত্র গৃহীত হবে না।
- আবেদনের সাথে প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, মোবাইল নম্বর ও সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপরে পদের নাম স্পষ্ট করে লিখতে হবে।
- আবেদনপত্রের সাথে সভাপতি, কালেক্টরেট কিন্ডারগার্টেন, খাগড়াছড়ি বরাবর যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত ১০০/- (একশত) টাকা মূল্যের পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় মূল সনদপত্রাদি উপস্থাপন করতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে আলোচনা সাপেক্ষে বেতন নির্ধারণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে যাবতীয় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
০২/১২/২১  
প্রতাপ চন্দ্র বিশ্বাস  
জেলা প্রশাসক

ও

সভাপতি

কালেক্টরেট কিন্ডারগার্টেন পরিচালনা কমিটি  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।